

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬২১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সকালে নাস্তা না পাবে, তখন তার জন্য মুস্তাহাব হলো সেদিন সিয়াম রাখা

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِذَا عَدِمَ غَدَاءَهُ أَن ينشىء الصوم يومئذ

আরবী

3621 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الدُّولَابِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زَكْرِيَّا عَنْ طَلْحَةَ بْنِ يَحْيَى عَنْ عَائِشَةَ بِنْتِ طَلْحَةَ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُوْمِنِينَ قَالَتْ: إِنْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لَيَدْخُلُ عَلَيْنَا فَيَقُولُ: (أَصْبَحَ عِنْدَكُمْ شَيْءٌ)؟ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لَيَدْخُلُ عَلَيْنَا فَيَقُولُ: (أَصْبَحَ عِنْدَكُمْ شَيْءٌ)؟ فَنَقُولُ: لَا فَيَقُولُ: (إِنِّي صَائِمٌ) قَالَتْ: وَدَخَلَ عَلَيْنَا ذَاتَ يَوْمٍ فَقَالَ: (هَلْ عِنْدَكُمْ مِنْ شَيْءٍ)؟ قُلْتُ: نَعَمْ حَيْسٌ أُهْدِيَ لَنَا فَقَالَ صلى الله عليه وسلم: (لَقَدْ أَصْبَحْتُ وَأَنَا صَالَ عَلَيْهُ وَسَلَمَ: (لَقَدْ أَصْبَحْتُ وَأَنَا صَالَ عَلَيْهُ وَسَلَمَ: (لَقَدْ أَصْبَحْتُ وَأَنَا صَالَ عَلَيْهُ وَسَلَمَ: (لَقَدْ أَصْبَحْتُ وَأَنَا صَائِمٌ) ثم دعا به فطعم.

الراوي: عائشة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3621 | خلاصة حكم المحدث: حسن صحيح _ ((الإرواء)) (965) ، ((صحيح أبي داود)) (2119): م.

বাংলা

৩৬২১. উম্মুল মু'মিনীন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসতেন। অতঃপর তিনি একদিন বলেন, "সকালে তোমাদের কাছে (খাওয়ার মতো) কিছু আছে কি?" আমরা বললাম, "জ্বী, না।" তখন তিনি বলেন, "তবে আমি সিয়াম রাখলাম।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আরেকদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসেন এবং বলেন, তোমার কাছে (খাওয়ার মতো) কিছু আছে কি?" তখন আমি বললাম, "জ্বী, হ্যাঁ। আমাদের জন্য হালুয়া হাদিয়া দেওয়া হয়েছে।" তখন তিনি বলেন, "আমি সকালে উপনীত হয়েছি এমন অবস্থায় যে, আমি সিয়াম রেখেছি।" তারপর তিনি সেটা নিয়ে আসতে বলেন। অতঃপর খাবার গ্রহণ করেন।"[1]



ফুটনোট

[1] আবূ দাউদ: ২৪৫৫; মুসনাদ আহমাদ: ৬/২০৭; সহীহ মুসলিম: ১১৫৪; তিরমিযী: ৭৩৩; নাসাঈ: ৪/১৯৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ২১৪৩; ইমাম শাফেঈ: ১/৭০৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭৯৩; আবূ ইয়ালা: ৪৫৬৩; সুনান বাইহাকী: ৪/২০৩; বাগাবী: ১৭৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৬৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন